

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৫ ফেব্রুয়ারি, ২০২০

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : উপ-নির্বাহী পরিচালক

বিষয় : সামাজিক যোগাযোগ মাধ্যম ও সকল যোগাযোগ উপকরণ তৈরি ও প্রকাশের নির্দেশনা।

প্রিয় সহকর্মী

আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যবস্থাপনার সিদ্ধান্ত মোতাবেক সকল কর্মীকে সামাজিক যোগাযোগ মাধ্যম ও সকল যোগাযোগ উপকরণ ব্যবহারে নিম্নলিখিত পদ্ধতিতে নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:

১. সামাজিক যোগাযোগ মাধ্যমে রাষ্ট্রীয়বরোধী, রাজনৈতিক উক্সানিমূলক, ব্যক্তি আক্রমণ, ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে এমন কোনো পোস্ট দেওয়া যাবে না। সকল ধর্মকে সম্মান করা আমাদের সকলের নৈতিক দায়িত্ব। সাম্প্রদায়িক সম্পর্ক অক্ষুন্ন রেখে দেশে শান্তি বজায় রাখা আমাদের সবার দায়িত্ব।
২. মুসলিম, হিন্দু ও অন্যান্য ধর্মের মধ্যে ভেদাভেদ সৃষ্টি করে এমন বিতর্কিত, বর্ণবাদী এবং লিঙ্গ বৈষম্যমূলক কোনো পোস্ট দেওয়া যাবেনা। এবং এ জাতীয় কোনো পোস্টে লাইক, কমেন্টস দেয়া ও শেয়ার করা যাবেনা।
৩. ফেসবুকের মাধ্যমে সংস্থার অভ্যন্তরীণ কোনো বিষয় নিয়ে ক্ষোভ প্রকাশ করে পোস্ট দেয়া যাবেনা। প্রয়োজন হলে সংস্থার অভিযোগ নিষ্পত্তি নীতিমালা অনুযায়ী অভিযোগ দাখিল করতে পারবেন।
৪. অফিস চলাকালীন সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাক্তিগত পোস্ট দেওয়া ও ব্রাউজিং করা যাবে না। এ সময়ে শুধুমাত্র অফিসিয়াল কার্যক্রম/ক্যাম্পেইন সংক্রান্ত পোস্ট দেওয়া যাবে। ব্যাক্তিগত পোস্ট অফিস সময়ের বাইরে দেয়া যাবে এবং প্রতি ২ দিনে একটির বেশি পোস্ট দেওয়া ঠিক না।
৫. ওয়েবসাইটের কনটেন্ট, অডিও-ভিডিও কনটেন্ট অথবা কোনো প্রাবলিকেশন অবশ্যই যুগ্ম-পরিচালকদ্বয় (ইএফএসডিসিপি-জনাব মুজিবুল হক মুনির এবং আরএসএমআইসিটি-জনাব বরকতউল্লাহ মারুফ) কর্তৃক অনুমোদন সাপেক্ষে প্রকাশ করতে হবে। কার্মটার্নিটি রেডিও ও টেলিভিশনের ক্ষেত্রে নির্ধারিত নীতিমালা অনুযায়ী কনটেন্ট প্রকাশ ও সম্প্রচার করতে হবে। নির্দিষ্ট সময়ের ব্যবধানে এ ব্যাপারে যুগ্ম-পরিচালক (আরএসএমআইসিটি) কে অবহিত করে অনুমোদন নিতে হবে।
৬. উপরোক্ত নির্দেশনা যদি কেউ অমান্য করেন তাহলে কোস্ট মানব সম্পদ ব্যবস্থাপনা ও প্রশাসনিক নীতিমালা ২০১৯ অনুযায়ী তিনি অসদাচরণে (Misconduct) আওতায় পড়বেন।
৭. এই স্বার্কুলারটি প্রিন্ট করে সংশ্লিষ্ট সবার স্বাক্ষর নিতে হবে। জরুরি ভিত্তিতে মিটিং করে আলোচনা করতে হবে এবং আগামী ১৫ মার্চ ২০২০ পর্যন্ত নোটিশ বোর্ডে বুলিয়ে রাখতে হবে।

আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

25 FEB 2020

অনুলিপি: নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কপি